

# খুবিতে বিজয় তোরণ উদ্বোধন

খুলনা প্রতিনিধি

০১ জুলাই ২০২৪, ১২:০০ এএম



মহান মুক্তিযুদ্ধের অবয়বে তৈরি খুলনা বিশ্ববিদ্যালয়ের (খুবি) নবনির্মিত মেইন গেট 'বিজয় তোরণ' ও গেট হাউস উদ্বোধন করা হয়েছে। গতকাল দুপুরে প্রধান অতিথি হয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মাহমুদ হোসেন ফিতা কেটে ও নামফলক উন্মোচনের মাধ্যমে এর উদ্বোধন করেন।

উদ্বোধনের আগে সংক্ষিপ্ত বক্তব্যে তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের মেইন গেট এবং গেট হাউস একটি আইকনিক বিষয়। এখানে স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধের কথা উঠে এসেছে। বিশেষ অতিথির বক্তব্য দেন খুবি ট্রেজারার প্রফেসর অমিত রায় চৌধুরী। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর খান গোলাম কুদ্দুসের সঞ্চালনায় এ সময় আরও বক্তব্য দেন স্থপতি ডিসিপ্লিনের সহযোগী অধ্যাপক স্থপতি এসএম নাজিমউদ্দীন ও সহযোগী অধ্যাপক মো. শেখ মারুফ হোসেন প্রমুখ।